



কমিউনিটি উন্নয়ন

উচ্চ মানের গৃহ এবং গৃহায়ন সেবা প্রদানের বাইরেও আমাদের রেসিডেন্টদের এবং কমিউনিটিসমূহকে সহায়তা প্রদানের মৌলিক মূল্যবোধের প্রতি আমরা সম্মান জানাই।

সাউদার্ন হাউজিং গ্রুপ ফাউন্ডেশন (Southern Housing Group's Foundation)

ফাউন্ডেশন কমিউনিটি উন্নয়ন কার্যক্রমের কেন্দ্রবিন্দু হিসেবে কাজ করে থাকে। আমাদের লক্ষ্য হচ্ছে ভাড়া বা মালিকানা নির্বিশেষে সকল বাসিন্দার জীবনযাত্রার মানোন্নয়ন ঘটানো।

যেভাবে আমরা এটি করে থাকি:

- নিরাপদ, অধিকতর শক্তিশালী কমিউনিটি গড়ে তোলার মাধ্যমে
- ব্যক্তিবিশেষ ও কমিউনিটিসমূহকে তাদের সুস্থ প্রতিভা বাস্তবায়নের সুযোগ সৃষ্টি করার মাধ্যমে
- লোকে যেখানে বসবাস করতে চায় সেখানে স্থান তৈরী করে

নিয়োগ ও প্রশিক্ষণ, দারিদ্র ও যুব উন্নয়ন, প্রতিবেশিত্ব সংক্রান্ত কাজের মত বিষয়সমূহের প্রতি একটি ইতিবাচক দৃষ্টিভঙ্গী নিয়ে আমরা অগ্রসর হয়ে থাকি, যেখানে আমরা কমিউনিটিকে সহায়তা করি এবং এর উন্নয়ন ঘটাই। [আমাদের কাজ করার পদ্ধতি](#) এবং [আমাদের](#)

[অনুদানমূলক কার্যক্রমগুলো সম্পর্কে আরো জানুন।](#)

আমাদের নেয়া উদ্যোগসমূহের মধ্যে রয়েছে:

- ক্রেডিট ইউনিয়ন এবং আর্থিক পরামর্শক প্রতিষ্ঠানসমূহের সঙ্গে অংশীদারিত্ব সৃষ্টি এবং আমাদের সবচেয়ে অসহায় বাসিন্দাদের ঋণ পরামর্শ ও নির্দেশনা প্রদান করে
- যে সকল এস্টেট ও নেইবারহুডে আমরা কাজ করি সেখানে কমিউনিটি কার্যক্রমে সহায়তার উদ্দেশ্যে বেশ কতগুলো অনুদানমূলক কর্মসূচী এবং প্রকল্প ব্যবস্থাপনা করে
- নিয়োগ ও প্রশিক্ষণ প্রকল্প ব্যবস্থাপক হিসেবে আমার ভূমিকা হচ্ছে প্রধান প্রধান স্বার্থ-সংশ্লিষ্ট ব্যক্তি ও এজেন্সিসমূহের সঙ্গে অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করার মাধ্যমে বিভিন্ন উদ্ভাবনী প্রকল্প তৈরী করা, যেগুলো আমাদের বাসিন্দাদের জন্য নিয়োগ, প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়নের সুযোগ বৃদ্ধি করে। অনেক রকম ভিন্ন ভিন্ন পদ্ধতি অবলম্বন করে এটি করা যেতে পারে, যেমন ব্যক্তি-ব্যক্তি যোগাযোগ, অনুদান সহায়তা, প্রশিক্ষণ অধিবেশন, সাইনপোস্টিং সেবা ইত্যাদি।
- যুব উন্নয়ন উদ্যোগ-এর কাজ হচ্ছে সাউদার্ন হাউজিং গ্রুপ (SHG)-এর এস্টেটসমূহে এবং আশেপাশে যুবসমাজ সংশ্লিষ্ট যথাযথ কৌশল নির্ধারণের জন্য গ্রুপ-এর লক্ষ্যসমূহকে সমর্থন যোগানো।

[জেমস বুচার হাউজিং অ্যাসোসিয়েশন](#) এবং [সাউথ ওয়াইট হাউজিং অ্যাসোসিয়েশন](#) তাদের নিজস্ব পৃথক কমিউনিটি উন্নয়ন প্রকল্পসমূহের অর্থায়ন ও ব্যবস্থাপনা করে থাকে।

BENGALI-community-regeneration

BENGALI-community-regeneration